

NBICT LAB এবং বাংলাদেশ কম্পিউটার এডুকেশনের (BCE, NIJUS) এর যৌথ পরিচালনায়  
৩/৬ মাস মেয়াদী মাইক্রোসফট অফিস অ্যাপ্লিকেশন/বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে

## ভর্তি বিজ্ঞপ্তি

প্রশিক্ষণ কেন্দ্র: এনবি আইসিটি ল্যাব, ১ নং গেটের বিপরীতে, হাবিপ্রবি, সদর, দিনাজপুর।

মোবাইল নাম্বার: ০১৭৬৮৮৮৫৯৬৬; উৎস: [www.nbict.org/admission](http://www.nbict.org/admission)

ভর্তির শেষ তারিখ: ১১/০৫/২০২৩ ইং; ক্লাস শুরু: ১৪/০৫/২০২৩ ইং।

এতদ্বারা আগ্রহী প্রশিক্ষণার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ৩/৬ মাস মেয়াদী মাইক্রোসফট অফিস অ্যাপ্লিকেশন/বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের ২৪ নং ব্যাচে ২৫ টি শূন্য আসনে আগামী ১১/০৫/২০২৩ ইং তারিখ পর্যন্ত সকাল ১০ টা হতে বিকেল ৫ টা পর্যন্ত NBICT LAB অফিসে প্রশিক্ষণার্থীর সাক্ষাৎকার ও ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। নিম্নে বিস্তারিত আকারে বিজ্ঞপ্তিটি প্রকাশিত হলো:

বিষয় সমূহ	ক্লাসের দিন	প্রশিক্ষণের সময়	মোট খরচ
৩ মাস: ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট, এক্সেল।	রবিবার,	সকাল	৩ মাস: ১,৪৫০/- টাকা মাত্র।
৬ মাস: উইন্ডোজ, ইন্টারনেট, টাইপিং, ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট, এক্সেল।	মঙ্গলবার, বৃহস্পতিবার।	৯ টা থেকে ১০ টা পর্যন্ত।	৬ মাস: ২,৬০০/- টাকা মাত্র।

কোর্স শেষে সফল প্রশিক্ষণার্থীদের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত সনদপত্র বিতরণ করা হবে (শর্ত প্রযোজ্য)। পার্সোনাল ল্যাপটপ নেই এরকম লার্নার শর্ত সাপেক্ষে ভর্তি হতে পারবেন।

### ভর্তি প্রক্রিয়া:

ধাপ - ১: প্রশিক্ষণার্থী সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং এইচ. এস. সি. পাশ মার্কশিটের ফটোকপি সঙ্গে নিয়ে NBICT LAB অফিসে গিয়ে সাক্ষাৎকারে অংশ নেবেন। সাক্ষাৎকারের সময় প্রশিক্ষণার্থীর মুখমন্ডল অবশ্যই উন্মুক্ত থাকতে হবে।

ধাপ - ২: আসন খালি থাকা সাপেক্ষে প্রশিক্ষণার্থী নিশ্চিতভাবে ভর্তি হতে চাইলে ভর্তি ফর্ম এবং প্রি-রেজিস্ট্রেশন বাবদ ১০০/- টাকা সহ উল্লেখিত নথি সমূহ জমাদান পূর্বক NBICT LAB অফিস থেকে ভর্তি ফর্ম ও ব্যাংক ডিপোজিট স্লিপ সংগ্রহ করে নেবেন।

**ধাপ - ৩:** প্রশিক্ষণার্থী ভর্তি ফর্ম উত্তোলনের ২৪ ঘন্টা সময়ের মধ্যে ৩ মাস মেয়াদী কোর্সে ভর্তির জন্য ১,৩৫০/- টাকা (কথায়: এক হাজার তিন শত পঞ্চাশ টাকা মাত্র) অথবা, ৬ মাস মেয়াদী কোর্সে ভর্তির জন্য ২,৫০০/- টাকা (কথায়: দুই হাজার পাঁচ শত টাকা মাত্র) হাবিপ্রবিশ্ব মেঘনা ব্যাংকে জমা প্রদান করবেন।

**ধাপ - ৪:** ব্যাংকে টাকা জমা প্রদানের পর প্রশিক্ষণার্থী কোনো প্রকার বিলম্ব না করে (ভর্তি ফর্ম উত্তোলনের ২৪ ঘন্টা সময়ের মধ্যে) ব্যাংক ডিপোজিট স্লিপের কাস্টোমার কপি সহ সহস্বে নির্ভুলভাবে পূরণকৃত ভর্তি ফর্ম NBICT LAB অফিসে জমা প্রদান করবেন।

আসন পূর্ণ হয়ে গেলে সংশ্লিষ্ট কোর্সের ভর্তি কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হবে।

### **উল্লেখযোগ্য শর্তাবলী:**

- ১। যেসকল লার্নারের নিজস্ব ল্যাপটপ আছে তারা অবশ্যই প্রত্যেকটি ক্লাসে ল্যাপটপ নিয়ে আসবেন।
  - ২। সার্টিফিকেট প্রাপ্তির জন্য একজন লার্নারকে ৭০ ভাগ উপস্থিতি এবং সকল মূল্যায়ন পরীক্ষায় পাশ মার্ক নিশ্চিত করতে হবে।
  - ৩। অসুস্থতা, একাডেমিক পরীক্ষা (মিড এবং ফাইনাল) এবং শিক্ষাসফর জনিত কারণে আবেদনকৃত ছুটি সমূহ প্রমাণাদির ভিত্তিতে মঞ্জুর করা হবে।
  - ৪। একজন লার্নার একটি প্রশিক্ষণ সেশনের যে ব্যাচে ভর্তি হবেন ঐ ব্যাচেই প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করে ফেলবেন। ব্যাচ পরিবর্তন করার কোনো সুযোগ থাকবে না।
- বি.দ্র.: প্রতিটি ক্লাসের ভিডিও রেকর্ড প্রদান করা হবে।

- প্রধান নির্বাহী, এনবি আইসিটি ল্যাব।

কোর্সের সিলেবাস [ডাউনলোড করতে এখানে ক্লিক করুন](#)।